

বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/এপিএ/১১৬০৭

তারিখ: ০৮/১১/২০২২ খ্রি.

### অফিস আদেশ


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অভিযোগ নিষ্পত্তি বিষয়ে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) মনোনয়ন এবং অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত কমিটি গঠন করা হ'ল:

ক্রমিক	নাম ও পদবী	কমিটিতে অবস্থান
০১	ড. মোঃ আবু হানিফা উপ-রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	আহবায়ক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
০২	জনাব মো: মোশাররফ হোছাইন সেকশন অফিসার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য
০৩	জনাব মুহাম্মদ আখলাকুল আমিয়া সেকশন অফিসার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য-সচিব

১। কমিটির কার্যপরিধি (অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুযায়ী):

- প্রাপ্ত অভিযোগ প্রতিকারের কার্যক্রম গ্রহণ;
- অভিযোগসমূহ বিশ্লেষণ করে যে সকল অভিযোগের পুনরাবৃত্তি ঘটে থাকে, সেগুলো চিহ্নিতকরণ;
- সেবা প্রদান পদ্ধতি এবং সংশ্লিষ্ট আইন-বিধি ও নীতিমালা প্রণয়ন/সংশোধনের সুপারিশ প্রদান;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা সংশোধন এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আদর্শমান প্রবর্তন সম্পর্কে সুপারিশ প্রদান;
- প্রাপ্ত অভিযোগ এবং প্রতিকার-সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
- প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া অথবা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত কোন সংবাদ, প্রতিবেদন বা চিঠিপত্রে অভিযোগের উপাদান থাকলে সেগুলো পরীক্ষান্তে প্রতিকারের উদ্যোগ গ্রহণ;
- অভিযোগকারীকে অভিযোগের ফলাফল সম্পর্কে অবহিতকরণ;
- অভিযোগের রেকর্ড সংরক্ষণ; এবং
- অভিযোগ প্রতিকারের মাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ ও সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে



(মোঃ রেজাউল হক)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):


- ড. মোঃ আবু হানিফা, উপ-রেজিস্ট্রার ও সদস্য, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- জনাব মো: মোশাররফ হোছাইন, সেকশন অফিসার ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), ইআবি, ঢাকা।
- জনাব মুহাম্মদ আখলাকুল আমিয়া, সেকশন অফিসার ও সদস্য, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), ইআবি, ঢাকা।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/এপিএ/১১৬০৭(৪)

তারিখ: ০৮/১১/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- অফিস নথি।



(ড. মোঃ আবু হানিফা)  
উপ-রেজিস্ট্রার